

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়


খুলনা-৯২০৩

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো ও একাডেমিক কার্যক্রম সম্প্রসারণ” প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণের কাজ সম্পন্ন হয়েছে এবং খুলনা জেলা প্রশাসন কর্তৃক গত ০৫/০৮/২০২০ইং তারিখে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ হুকুম দখল আইন ২০১৭ এর ১৩ ধারা অনুযায়ী এল.এ (সাঃ) ০৩/২০১৯-২০ নম্বর কেসে অধিগ্রহণকৃত জমি (বিশ্ববিদ্যালয় সংলগ্ন পশ্চিম পার্শ্বে) দখল হস্তান্তরের কাজ সম্পন্ন হয়েছে। উক্ত হস্তান্তরকৃত জমি, জমির উপর স্থাবর ও অস্থাবর স্থাপনার মালিক ও দখলদার বর্তমানে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা।

অধিগ্রহণকৃত জায়গার পূর্বের মালিকগণকে উক্ত জায়গা হতে কোন প্রকার গাছ-পালা না কাটা ও জায়গার উপর স্থাবর ও অস্থাবর স্থাপনা অপসারণ না করার জন্য নির্দেশ প্রদান করা হলো। শুধুমাত্র পূর্বের মালিকগণ তাদের নিজ জায়গায় যদি কোন মৎস্য চাষ করে থাকেন তাহলে তা আগামী ০৭ দিন অর্থাৎ ২৩/০৮/২০২০ইং তারিখের মধ্যে ধরে নেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো। আগামী ২৩/০৮/২০২০ইং তারিখের পর হতে উক্ত জায়গার মধ্যে কাউকে প্রবেশ করতে দেওয়া হবে না।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।


২৩/০৮/২০২০
(জি, এম, শাহিদুল আলম)
রেজিস্ট্রার


খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং : খুপ্রবি/ ৩৮০/২০

তারিখ : ২৬.০৮.২০২০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। পরিচালক (পঃ ও উঃ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। প্রধান প্রকৌশলী, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। জেলা প্রশাসক, খুলনা।
- ৫। অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ), খুলনা।
- ৬। প্রকল্প পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সহকারী কমিশনার (ভূমি), দিঘলিয়া, খুলনা।
- ৮। জনাব মোঃ আবু রেজা শামসউদ্দিন, অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, খুলনা।
- ৯। মোঃ আক্কাস উদ্দিন পাঠান, সভাপতি, বৃক্ষ উন্নয়ন কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। সভাপতি, মৎস্য কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১১। সকল শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। (শাখার সকল কর্মকর্তা/কর্মচারীগণের মাঝে প্রচারের অনুরোধসহ)
- ১২। সিস্টেম এনালিস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৩। পিএ টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়। (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)
- ১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, খানজাহান আলী থানা, খুলনা।
- ১৫। অধিগ্রহণকৃত জমির পূর্বের সকল মালিকগণ।
- ১৬। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১৭। সংরক্ষণ নথি।


২৬/০৮/২০২০
রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়